

বাংলাদেশ

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে পোষ্য কোটা বাতিলের দাবিতে অবস্থান কর্মসূচি

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়

আপডেট: ০৭ ডিসেম্বর ২০২৫, ১১: ৫১



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় পোষ্য কোটা বাতিলের দাবিতে অবস্থান কর্মসূচি। ৬ ডিসেম্বর, ২০২৫ ছবি: প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে পোষ্য কোটা বাতিলের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে 'পোষ্য কোটা বাতিল আন্দোলন, ঢাবি' ব্যানারে একটি প্ল্যাটফর্ম। আজ শনিবার সকাল সাড়ে ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে প্ল্যাটফর্মটির সদস্যরা অবস্থান নেন।

কর্মসূচিতে অংশ নিয়ে আন্দোলনকারীরা 'বাপের জোরে সিট নয়, মেথার জোরে সিট চাই', 'পোষ্য কোটা রয়ে গেল, ডাকসু কী করে' সহ বিভিন্ন স্লোগান দেন।

প্ল্যাটফর্মটির সংগঠক মো. রাকিব বলেন, ‘পোষ্য কোটা বাতিলের দাবিতে আমরা ডাকসু (ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ), সব হল সংসদ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে স্বাক্ষরকলিপি দিয়েছি। কিন্তু এখনো কোনো কার্যকর পদক্ষেপ দেখা যাচ্ছে না।’

মো. রাকিব বলেন, ‘করদাতাদের অর্থে পরিচালিত বিশ্ববিদ্যালয়ে পোষ্য কোটা বজায় রাখা নিছক প্রহসন ছাড়া আর কিছুই নয়। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একজন শিক্ষার্থীও যেন পোষ্য কোটায় ভর্তি হতে না পারেন, এটাই আমাদের দাবি।’

